



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।

ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd



শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিবাউবি-১(৫৭)অংশ-০১/২০১৯-২০২০/ ১৩৬৮

তারিখঃ ০৭/০৬/২০২০ খ্রিঃ

- ০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২। সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

তাগিদপত্র-২
অতীত জরুরী

বিষয়ঃ উপশিলভুক্ত সরকারি ও বেসরকারি ব্যাংকসমূহ কর্তৃক সামাজিক নিরাপত্তা বেটনীর অধীন
ভাতাসমূহ ভাতাভোগীদের মাঝে মাসিক ভিত্তিতে বিভরণ করা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগ থেকে জারীকৃত পত্র নং-১৩১৪ ও ১৩২১ তারিখ যথাক্রমে ০৪/০৫/২০২০ ও ১১/০৫/২০২০ এর
প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সামাজিক নিরাপত্তা বেটনীর আওতায় নির্ধারিত ভাতাসমূহ ২০১৯-২০২০ অর্থ বছরে ৪র্থ কিস্তি
পর্যন্ত ছাড় করা হলেও জুলাই/২০১৯ হতে অদ্যাবধি ভাতাসমূহ ভাতাভোগীদের মাঝে প্রদান/বিভরণ সম্পন্ন না করার সরকারের মূল
উদ্দেশ্যকে সম্পূর্ণভাবে ব্যাহত করছে মর্মে অর্থ মন্ত্রণালয় ও সমাজকল্যাণ মন্ত্রণালয় তাদের পৃথক পৃথক পত্রের মাধ্যমে আশংকা প্রকাশ
করতঃ ভাতাসমূহ বিধি মোতাবেক ভাতাভোগীদের মাঝে প্রদান/বিভরণ নিশ্চিত করে এ বিষয়ে একটি পরিপালন প্রতিবেদন প্রেরণের জন্য
নির্দেশক্রমে অনুরোধ জানানো হয়েছে।

০৩। মন্ত্রণালয়সমূহ ও বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার আলোকে অত্র বিভাগ থেকে জারীকৃত বর্ণিত উক্ত পত্রদ্বয়ের মাধ্যমে সংশ্লিষ্ট
সকলকে অবহিতকরণসহ সর্বশেষ ১৪/০৫/২০২০ তারিখের মধ্যে ভাতাসমূহ বিভরণের হালনাগাদ তথ্য প্রেরণের জন্য বিভাগীয়
কার্যালয়সমূহকে অনুরোধ জানানো হয়েছে। কিন্তু অদ্যাবধি কোন তথ্য প্রেরণ না করার বাংলাদেশ ব্যাংক থেকে বার বার তাগিদ দেয়া
সত্ত্বেও অত্র বিভাগ থেকে এতদ্বিষয়ে কোন তথ্য সরবরাহ করা যাচ্ছে না।

০৪। এমতাবস্থায়, নিম্নবর্ণিত ছক মোতাবেক ২০১৯-২০২০ অর্থ বছরে ৪র্থ কিস্তি পর্যন্ত বরাদ্দকৃত অর্থ বিভাগাধীন অঞ্চলসমূহ থেকে
শাখাওয়ারী পরিপালন প্রতিবেদন সংগ্রহ করে জরুরী ভিত্তিতে অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২০১৯-২০২০ অর্থ বছর

ক্রঃ নং	কর্মসূচীর নাম	শাখা ও অঞ্চলের নাম	বরাদ্দকৃত অর্থের পরিমাণ	ভাতাভোগীর সংখ্যা	বিভরণিত অর্থের পরিমাণ	অবিভরণিত অর্থের পরিমাণ
১	বয়স্ক ভাতা					
২	বিধবা ভাতা					
৩	অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা					

আপনার বিশ্বস্ত,

০৭/০৬/২০২০

(মোহাম্মদ মনিরুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

তারিখঃ ০৭/০৬/২০২০ খ্রিঃ

নং-প্রকা/শানিবাউবি-১(৫৭)অংশ-০৩/২০১৯-২০২০/

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
০৪। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত
পত্রটি বিকেবি, ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৫। সকল শাখা ব্যবস্থাপক (সকল কর্পোরেট শাখাসহ), বাংলাদেশ কৃষি ব্যাংক। তাঁদেরকে পত্র বর্ণিত কাংখিত তথ্যাদি জরুরী
ভিত্তিতে স্ব স্ব অঞ্চল/কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।
০৬। নথি/মহানথি।

০৭/০৬/২০২০

(মুহাম্মদ তাইবুর রহমান)

সহকারী মহাব্যবস্থাপক